

ডালবাসার ডালি

নুর্উল্লাহ্ মামুন্

হঠাৎ কখনো
সোনালী হলুদ কপাটখানি
ধীরে খুলে যায়
আপন গতিতে, ধীরলয়ে ।

আচমকা তোমার
গোলগাল উৎফুল্ল বদনখানি
অপলক দৃষ্টিতে দেখি,
ছায়াহীন কায়া যেন
আমার সামনে দাড়িয়ে ।

সেই হাসি মাখা মুখখানি
অযুত ক্রোশ দূরে
দৃষ্টিসীমার বাইরে অন্য এক জগতে
একাকী আমি মুদিত নয়নে
স্মৃতির পাতা উল্টে দেখি
হতাশার বহ্নি নিয়ে ।

নীল সাগরের তীরে
দিগন্তের অপর পাড়ে
তোমায় খুঁজি, অপলক নয়নে
আবীর মাখা দিগন্তে, নিজ নিলয়ে ।

অপেক্ষার শেষ নেই
মনের বাঁধন নেই, উড়ে যায়
অবারিত গগনে, প্রিয়ার খোঁজে
ভালবাসার ডালি নিয়ে ।